

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭১০

আগরতলা, ১৩ ফেব্রুয়ারী, ২০১৮।

আগরতলায় নির্বাচনী ছবি প্রদর্শনী শুরু

মুখ্য নির্বাচন আধিকারিক কার্যালয়ের উদ্যোগে আজ থেকে রবীন্দ্র শতবার্ষিকী ভবনের লনে শুরু হয়েছে চার দিন ব্যাপী নির্বাচনী ছবি প্রদর্শনী। ১৬ ফেব্রুয়ারী পর্যন্ত প্রতিদিন দুপুর ১২টা থেকে রাত ৮টা পর্যন্ত সকলের জন্য এই প্রদর্শনী উন্মুক্ত থাকবে। রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে দপ্তরের প্রস্তুতির বিষয় ছবি প্রদর্শনীতে তুলে ধরা হয়েছে। মোট ১০টি বিষয় নির্বাচন করে ছবি প্রদর্শন করা হয়েছে। এর মধ্যে রয়েছে ভি ভি প্যাট সম্পর্কিত সচেতনতা, জাতীয় ভোটার দিবসের কর্মসূচি, জাতীয় নির্বাচনী কুইজ, নির্বাচন সম্পর্কিত বিভিন্ন ট্রেনিং, ভোটারদের শিক্ষিত ও সচেতন করা, নির্বাচনে নিরাপত্তার বিষয়, ভারতের নির্বাচন কমিশনের ত্রিপুরা সফর, রাজ্যে পূর্বের কিছু নির্বাচনে ভোটদানের ছবি। মূলত: নতুন প্রজন্মের ভোটারদের নির্বাচন প্রক্রিয়া ও পদ্ধতি সম্পর্কে সচেতন করতে ভোটদানে উৎসাহিত করতে এই ছবি প্রদর্শনীর উদ্যোগ।

আজ সকালে প্রদর্শনীর উদ্বোধন করেন রাজ্যের মুখ্য সচিব সঞ্জীব রঞ্জন। উপস্থিত ছিলেন মুখ্য নির্বাচন আধিকারিক শ্রীরাম তরণীকান্তি, অতিরিক্ত মুখ্য নির্বাচন আধিকারিক ড. দেবশীষ বসু, তাপস রায় ও দেবশীষ মোদক সহ উপ-মুখ্য নির্বাচন আধিকারিকগণ ও দপ্তরের অন্যান্য আধিকারিকগণ। প্রদর্শনী উদ্বোধনের পর সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুখ্য সচিব সঞ্জীব রঞ্জন বলেন, অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের জন্য ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, ভোট দান হচ্ছে জনগণের পবিত্র কর্তব্য। রাজ্যবাসীকে নির্ভয়ে ভোটদানের জন্যও তিনি আবেদন জানিয়েছেন।

রবীন্দ্র ভবনের লনে ছবি প্রদর্শনীর পাশে অডিও ভিজ্যুয়ালের মাধ্যমে ই ভি এম এবং ভি ভি প্যাট ব্যবহারের মাধ্যমে ভোট দানের পদ্ধতি প্রদর্শন করা হচ্ছে। এছাড়া ত্রিপুরা এসেম্বলি ইলেকশন -- ২০১৮ মোবাইল অ্যাপ-এর মাধ্যমে বুথ কেন্দ্রের বিস্তৃত তথ্য, প্রার্থীর তথ্য, ভোটারদের সচেতনতা, কোনও অভিযোগ থাকলে তা কিভাবে করতে হবে সে সম্পর্কে জনগণকে সচেতন করা হচ্ছে। অন্যদিকে, সবার জন্য নির্বাচন সম্পর্কিত স্লোগান লেখা প্রতিযোগিতার জন্য ড্রপ বাক্স রাখা হয়েছে। এই প্রতিযোগিতায় প্রতিদিন একজনকে শ্রেষ্ঠ হিসেবে নির্বাচন করা হবে। শেষের দিন বিজয়ীদের পুরস্কৃত করা হবে।
